

বাংলাদেশের আইন কানুন গুলি হল এমন (Ref BNBC, building construction Act, ইমারত নির্মাণ বিধিমালা ১৯৯৬) এর থেকে কারো ভাল জানা থাকলে রেফারেন্স সহ দিবেন --- (

১) বেসিন, ওয়াটার ক্লোসেট (Water Closet) এবং গোসলের স্থান সম্বলিত টয়লেট এর ক্ষেত্রে ন্যূনতম ফ্লোর এরিয়া ২.৭৫ বর্গমিটার এবং ন্যূনতম প্রস্থ ১,০০ মিটার হইবে;

(২) বেসিন ও ওয়াটার ক্লোজেট (Water Closet) সম্বলিত টয়লেট এর ক্ষেত্রে মূনতম ফ্লোর এরিয়া ১,২০ বর্গমিটার এবং ন্যূনতম প্রস্থ ১ মিটার হইবে;

(৩) বেসিন এবং গােসলের স্থান সম্বলিত টয়লেট এর ক্ষেত্রে ন্যূনতম ফ্লোর এরিয়া ১.৫ বর্গমিটার এবং ন্যূনতম প্রস্থ ১ মিটার হইবে;

(৪) ওয়াটার ক্লোসেট (Water Closet) এবং গোসলের স্থান সম্বলিত টয়লেট এর ক্ষেত্রে নানতম ফ্লোর এরিয়া ২.৫ বর্গমিটার এবং ন্যূনতম প্রস্থ ১ মিটার হইবে;

(৫) বাথরুম এর উচ্চতা ২.১৩ মিটার এর কম হইতে পারিবেনা এবং এই উচ্চতা ফিনিসড ফ্লোর হইতে ফিনিসড সিলিং বা ফলস্ সিলিং পর্যন্ত অথবা উপরের ফ্লোর এর প্লাশিং সিস্টেম এর ট্রাপ বা অন্যান্য পাইপ লাইনের নীচ পর্যন্ত পরিমাপকৃত হইবে; এবং গােসলখানা বা টয়লেট এর জানালা ন্যূনতম ০.৩৭ বর্গমিটার ক্ষেত্রফল ব্যাপিয়া অভ্যন্তরীণ আঙ্গিনা, বহিঃ পরিসর বা যে কোন এয়ার ওয়েল বা লাইট ওয়েল এর । সহিত সরাসরি খেলা থাকিতে হইবে তবে যদি যথাযথভাবে শীতাতপ নিয়ন্ত্রণ বা যান্ত্রিক উপায়ে বায়ু প্রবাহের ব্যবস্থা থাকে তবে জানালা না থাকিলেও চলিবে । টয়লেটের ভিতর ন্যূনতম ১.৫ মিটার ১.৫ মিটার বাধামুক্ত জায়গা থাকিতে হইবে এবং WC-এর একদিকে সংলগ্ন দেওয়াল হইতে ন্যূনতম ৯০০ মি.মি. জায়গা থালি থাকিতে হইবে । WC এর আসন হইতে ৪০০ মি.মি. উচ্চতায় পেছনের দেওয়াল হইতে সর্বাধিক ৩০০ মি.মি. দূরত্বে এবং সামনের দিকে ন্যূনতম ৪৫০ মি.মি. বর্ধিত করিয়া হ্যাণ্ডেল থাকিতে হইবে ।

পানির কল মেঝে হইতে ৮৫০ মি.মি. উপরে হইতে হইবে এবং বেসিনের তলা ও পাইপ এমনভাবে থাকিতে হইবে যেন হুইল চেয়ার পৌঁছাতে পারে ।

৬) গােসলের জায়গা ১.০ মিটার প্রস্থসহ ১.১৫ বর্গ মিঃ হইবে এবং মেঝেতে কোন প্রকার বেষ্টনী থাকিতে পারিবে না ।